সভার নাম ঃ মাসিক (সাধারণ) সভা।
সভার স্থান ঃ মহিষখোচা ইউপি কক্ষ।
সময় ঃ বেলা ১১ ঘটিকা।
সভার তারিখ ঃ ১৩/০৮/২০২৫খ্রিঃ।
সভাপতি ঃ জনাব মোঃ আব্দুল মজিদ
প্যানেল চেয়ারম্যান, মহিষখোচা ইউনিয়ন পরিষদ, আদিতমারী, লালমনিরহাট।

| ক্র: নং | আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্বপ্রাপ্ত সংস্থা/ব্যক্তি |
|---|---|---|---|---|
| ০১ | গত সভার সিদ্ধান্ত সমূহ বাস্তবায়নের অগ্রগতি আলোচনা, পর্যালোচনা এবং অনুমোদন। | সভাপতি মহোদয় গত সভার কার্যবিবরণী সমূহ উপস্থিত সকলের মাঝে পড়ে শোনান, কার্যবিবরণী ধারাবাহিকভাবে পাঠকালীন আলোচনা, পর্যালোচনা করা হয়। সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি সম্পর্কে সভায় উপস্থিত সকলকে বিস্তারিতভাবে জানান হয়। | সভায় বিস্তারিত আলোচনারন্তে কোন সংশোধণী না থাকায় গত সভার সিদ্ধান্ত সমূহ অনুমোদন ও গ্রহন করা হলো। | ১। প্যানেল চেয়ারম্যান, মহিষখোচা ইউনিয়ন পরিষদ, আদিতমারী, লালমনিরহাট। |
| ০২ | স্থায়ী কমিটির সুপারিশ সমূহ পর্যালোচনা ও অনুমোদন | সভাপতি মহোদয় সভায় জানায় যে, গত মাসের ন্যয় এ মাসে ও মহিষখোচা ইউপির আইন শৃঙ্খলা রক্ষা বিষয়ক স্থায়ী কমিটির সভার সুপারিশ অনুযায়ী অত্র ইউনিয়নে আইন শৃঙ্খলা পরিস্থিতি দিনদিন খারাপের দিকে যাচ্ছে। অত্র ইউনিয়নের স্প্যার বাঁধ ও বাঁশঝাড় এবং কতিপয় ব্যক্তির বাড়িতে তাসের মাধ্যমে জুয়া খেলা, মোবাইলের মাধ্যমে কেচিনো খেলা হচ্ছে মর্মে বিভিন্ন সূত্রে জানা গেছে। তাছাড়াও মাদক, গাঁজা ও ফেনসিডিল ব্যবহার ও সরবরাহ দিনদিন বৃদ্ধি পাচ্ছে। গাঁজা ও ফেনসিডিল ভারত থেকে এসে নদী পথে প্রতিদিন হারাগাছ হয়ে রংপুর যায়, যার সংগে প্রভারশালী ব্যক্তিরা জড়িত বলে জানা গেছে। এমতাবস্থায় অত্র ইউনিয়নে যুব সমাজকে উক্ত মাদকের করাল গ্রাস হতে রক্ষার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আইন শৃঙ্খলা বিষয়ক কমিটির সভাপতি মহোদয় সকলকে সিদ্ধান্ত গ্রহণের জন্য অনুরোধ জানান। | সভায় বিস্তারিত আলোচনাক্রমে আইন শৃঙ্খলা বিষয়ক স্থায়ী কমিটি সভার সুপারিশ সমূহ অনুমোদন করা হলো। গ্রাম পুলিশ ও আনছার ভিডিপি সদস্যদের কে নিয়ে ৩টি টহল টিম দিনে ও রাতে জুয়া খেলা আয়োজনের স্থান সমূহ রেট ও মাদকের ব্যবসাসহ অন্যান্য নেশা জাতীয় ব্যবসার সংগে জড়িত ব্যক্তিদের নামের তালিকা সংগ্রহ পূর্বক তাদেরকে আইনের আওতায় আনার জন্য উপজেলা নির্বাহী অফিসার আদিতমারী, লালমনিরহাট মহোদয়ের কার্যালয়ে প্রেরণের জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | ১।প্যানেল চেয়ারম্যান, মহিষখোচা ইউনিয়ন পরিষদ, আদিতমারী, লালমনিরহাট। ২।উপজেলা নির্বাহী অফিসার আদিতমারী, লালমনিরহাট। |
| ০৩ | জুলাই/২০২৫ ইং মাসের ইউপির নিজস্ব আয় ও ব্যয় ভাউচার অনুমোদন। | মহিষখোচা ইউপি'র জুলাই/২০২৫ ইং মাসের প্রারম্ভিক জের= ৬৬৫৯৮.১৪ টাকা। খাতওয়ারি আয়ঃ বসতবাড়ী কর ১,৬০০/- টাকা, ট্রেড লাইসেন্স ফি- ১৮,৯০০/-,পেশা ব্যবসা কর ৮,১০০/- টাকা, ওয়ারিশ ফি ১২০০/- টাকা, মামলা ফি ৩০/- টাকা, সর্বমোট আয় হয়েছে= ৯৬,৪২৮.১৪ টাকা। খাত ওয়ারি ব্যয়- ইউপি চেয়ারম্যান, সদস্য সদস্যাগনের সম্মানী ভাতা - ৬০,০০০/- টাকা সর্বমোট ব্যয়- ৬০,০০০/- টাকা এবং সমাপনি স্থিতি= ৩৬,৪২৮.১৪ টাকা আছে। যাহা সোনালী ব্যাংক মহিষখোচা শাখায়, ৫২১১০০১০০১৪৫৭ সঞ্চয়ী হিসাব নম্বর জমা আছে। | জুলাই /২০২৫ ইং মাসের ইউপির নিজস্ব আয় ও ব্যয় ভাউচার সমূহ পর্যালোচান্তে অনুমোদন করা হইলো। সেই সাথে ইউপির রাজস্ব আয় বাড়ানোর জন্য পরামর্শ প্রদান করা হইলো। | ১। প্যানেল চেয়ারম্যান, মহিষখোচা ইউনিয়ন পরিষদ, আদিতমারী, লালমনিরহাট। |
| ০৪ | গ্রাম আদালতের মামলা নিস্পত্তির অগ্রগতি সম্প- র্কে আলোচনা। | জনাব মোঃ আদনান ইসলাম, হিসাব সহকারী কাম-কম্পিউটার অপারেটর, সভায় জানায় যে, জুলাই/২০২৫ মাসে অত্র ইউপির গ্রাম আদালতে পূর্বের অপেক্ষমান মামলার সংখ্যা ৩টি, দায়েরকৃত মামলার সংখ্যা ৩টি, মোট মামলার সংখ্যা ৬টি, নিস্পত্তি হয়েছে ২টি, অপেক্ষমান মামলার সংখ্যা ৪টি। যা বিধি মোতাবেক গ্রাম আদালত গঠন পূর্বক নিস্পত্তির জন্য অনুরোধ করা হয়। | "স্বল্প সময়ে অল্প খরচে সঠিক বিচার পেতে, চলো যাই গ্রাম আদালতে"। এই প্রতিপাদ্যকে কাজে লাগিয়ে বিধি মোতাবেক গ্রাম আদালতের সকল কার্যক্রম পরিচালনা সহ গ্রাম আদালতের অপেক্ষমান মামলা নিস্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতি মহোদয়কে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান ও গ্রাম আদালত প্রধান। মহিষখোচা ইউনিয়ন পরিষদ, আদিতমারী, লালমনিরহাট। |
| ০৫ | বাল্য বিবাহ ও মানব পাচার প্রতিরোধ প্রসঙ্গে আলোচনা | সভাপতি মহোদয় সভায় জানায় যে, মহিষখোচা ইউপির দুস্থ ও অসহায় পরিবারের মেয়ে সন্তানের ১৮ বছরের আগে বিবাহ দেয়ার প্রবনতা বেশি লক্ষ করা যায়। তাই বাল্য ও শিশু বিবাহ এবং মানব পাঁচার রোধ করে জনসচেতনতা বৃদ্ধি করা প্রয়োজন। এ বিষয়ে অত্র ইউনিয়নে কর্মরত বিভিন্ন এনজিও প্রতিনিধিদের সঙ্গে যোগাযোগ করে বাল্য বিবাহের কুফল সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়। ইহাতে বাল্য বিবাহ ও মানব পাচার প্রতিরোধ করা সম্ভব হবে। | কুড়িতে বুড়ি নয়, বিশের আগে বিয়ে নয়। এই স্লোগানকে কাজে লাগিয়ে বাল্য বিবাহ রোধ এবং মানব পাঁচার এর কুফল সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধির লক্ষে বিশেষ করে মা বোনদেরকে নিয়ে উঠান বৈঠক করার জন্য সভাপতি মহোদয়কে অনুরোধ করা হইলো। | ১।প্যানেল চেয়ারম্যান,মহিষ-খোচাই উনিয়ন পরিষদ, আদিতমারী, লালমনিরহাট। ২।সভাপতি,নারী ও শশু কল্যাণ এবং পারিবারিক বিরোধ নিরসন স্থায়ী কমিটি, মহিষখোচা ইউনিয়ন পরিষদ, আদিতমারী, লালমনিরহাট। |
| ০৬ | জন্ম ও মৃত্যু নিবন্ধন সম্পর্কে আলোচনা। | সভাপতি মহোদয় সভায় জানায় যে, মহিষখোচা ইউপির জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রম মোটে ও সন্তোষজনক নয়। জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন-২০০4 এবং বিধিমালা-২০১৮ মোতাবেক প্রত্যেকটি নব- জাতকের জন্মের পরবর্তী ৪৫দিনের মধ্যে জন্ম নিবন্ধন ও যে কোন ব্যক্তির মৃত্যুর পরবর্তী ৪৫ দিনের মধ্যে নিবন্ধন করার যে আইনি বাধ্যবাধকতা আছে, সেই সম্পর্কে জনগণ মোটেও সচেতন নয়। এই বিষয়ে মানুষকে সচেতন করে তুলতে হবে যেন তারা সঠিক সময়ে জন্ম ও মৃত্যু নিবন্ধন করতে পারে। অত্র ইউপির জনসংখ্যার স্থূল জন্মহার অনুযায়ী প্রতিমাসে গড়ে ৫৪ জন নবজাতক শিশু জন্ম গ্রহণ করেন এবং ১৪ জন ব্যক্তি মৃত্যুবরণ করেন। তাদের জন্ম ও মৃত্যু তথা সঠিক সময়ে অনলাইনে নিবন্ধন করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। | সঠিক ও নির্ভুল জন্ম নিবন্ধন এক বার, বিড়ম্বনা নয় বার বার। প্রত্যেক ব্যক্তির জন্ম ও মৃত্যুর পরবর্তী ৪৫ দিনের মধ্যে সকলের জন্ম ও মৃত্যু নিবন্ধন করার জন্য মহিষখোচা ইউনিয়ন সহকারী স্বাস্থ্য পরিদর্শক এবং পরিবার পরিকল্পনা পরিদর্শক এর মাধ্যমে গর্ভবতী মা ও নবজাতক শিশুর প্রয়োজনীয় তথ্য অত্র ইউপির গ্রামপুলিশের মাধ্যমে সংগ্রহ করে শতভাগ জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রম বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। তাছাড়াও গ্রাম পুলিশগণকে নিয়মিত শুভেচ্ছা ও শোকবার্তা ইস্যু কার্যক্রম চলমান রেখে সংশ্লিষ্ট সকলের নিকট পৌঁছে দেওয়ার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হয়। যাতে সংশ্লিষ্ট ব্যক্তিগণ সঠিক সময়ে জন্ম ও মৃত্যু নিবন্ধন করতে পারেন। | ১। প্যানেল চেয়ারম্যান, মহিষখোচা ইউনিয়ন পরিষদ, আদিতমারী, লালমনিরহাট। ২।সহকারী স্বাস্থ্য পরিদর্শক, মহিষখোচাইউনিয়ন, আদিতমারী, লালমনিরহাট। ৩।গ্রাম পুলিশ (সকল) মহিষখোচাইউনিয়ন পরিষদ, আদিতমারী, লালমনিরহাট। |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৭ | ২০২৫-২০২৬ অর্থ বছরে ইউপির নিজস্ব তহবিল দ্বারা উন্নয়ন প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন | সভাপতি মহোদয় সভায় জানায় যে, অত্র ইউনিয়নের বিভিন্ন জনগুরুত্বপূর্ণ কাঁচা ও পাকা রাস্তায় সাম্প্রতিক উজানি ডলে তিস্তা নদীর বন্যা ও অতিবৃষ্টির কারণে ভূমিধস সহ রাস্তার পার্শে গর্তের সৃষ্টি হয়েছে। যার ফলে যানবাহন সহ চলাচলের অনুপযোগী হয়ে পড়েছে। ইহা ছাড়াও ৪-৯ নং ওয়ার্ডের দক্ষিণ বালাপাড়া ও গোবর্দ্ধন মৌজায় রাস্তার পাশের মাটি অতিবৃষ্টির কারণে বৃষ্টির পানির সাথে ধুয়ে গেছে। এমতাবস্থায় উক্ত রাস্তা দিয়ে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র/ছাত্রী সহ সংশ্লিষ্ট সকলের চলাচলের অতিব কষ্টকর হয়েছে। তাই চলতি ২০২৫-২০২৬ অর্থবছরের অত্র ইউপির নিজস্ব (রাজস্ব) তহবিল দ্বারা উক্ত রাস্তা সংস্কার করার জন্য জরুরী ভিত্তিতে মাটি ভরাটের জন্য একটি উন্নয়ন প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের জন্য উপস্থিত সকলকে সিদ্ধান্ত গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়। | অতি বৃষ্টির কারণে ভুমি ধসের সৃষ্টির কারণে জনগুরুত্বপূর্ণ বিবেচনায় চলতি ২০২৫-২০২৬ অর্থ বছরে দঃ বালাপাড়াও গোবর্দ্ধন মৌজায় ইউপির নিজস্ব (রাজস্ব) তহবিল দ্বারা প্রকল্প গ্রহনের প্রয়োজনীয়তা থাকলে ও তহবিলে টাকা না থাকায় তা সম্ভব হচ্ছে না। প্রস্তাবটি সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদন করা হলো। | ১। প্যানেল চেয়ারম্যান, মহিষখোচা ইউনিয়ন পরিষদ, আদিতমারী, লালমনিরহাট। |
| ৮ | ২০২৪ -২০২৫ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন সহায়তা তহবিল দ্বারা উন্নয়ন প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন | সভাপতি মহোদয় সভায় জানায় যে, ২০২৪-২০২৫ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন সহায়তা তহবিল( এডিপি) দ্বারা ২টি প্রকল্প পিআইসি দ্বারা ও ১টি প্রকল্প টেন্ডারের মাধ্যমে বাস্তবায়ন করা হয়েছে। | প্রকল্পের বিল দাখিল করে উত্তোলনের জন্য অনুরোধ করা হলো। | প্রকল্প বাস্তবায়ন কারী কর্তৃপক্ষ। |
| ৯ | আইন শৃঙ্খলা বিষয়ে আলোচনা। | জনাব মোঃ মোজাম্মেল হক কমান্ডার, আনসার ও ভিডিপি, মহিষখোচা ইউনিয়ন, সভায় জানায় যে, অতীতের তুলনায় বর্তমানে মহিষখোচা ইউনিয়নে আইন শৃঙ্খলা পরিস্থিতি অনেক ভালো। আগের মত বর্তমানে প্রকাশ্যে কোন জুয়া খেলা ও গাঁজার আসর বসে না। তিনি সভায় আরো জানান যে, আনসার ও ভিডিপি এবং গ্রাম পুলিশ গণের সমন্বয়ে গঠিত টহল টিম নিয়মিত দিনে ও রাতে টহল প্রদান করেন। যার ফলে অতীতের তুলনায় বর্তমানে চুরি ও ডাকাতির সংখ্যা কমে এসেছে। | সভায় বিস্তারিত আলোচনাক্রমে আনসার ও ভিডিপি এবং গ্রাম পুলিশগণের সমন্বয়ে গঠিত টহল টিম নিয়মিত দিনে ও রাতে টহল জোরদার করনের জন্য অত্র সভার মাধ্যমে নির্দেশ প্রদান করা হয়। তাছাড়াও আত্র ইউনয়নে সংঘটিত যে কোন ধরনের স্পর্শকাতর দুর্ঘটনার তথ্য ইউপিতে এবং সংশ্লিষ্ট থানায় ও উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে জানানোর জন্য অনুরোধ করা হলো। | ১। প্যানেল চেয়ারম্যান, মহিষখোচা ইউনিয়ন পরিষদ, আদিতমারী, লালমনিরহাট।<br>২। কমান্ডার, আনসার ও ভিডিপি মহিষখোচা ইউনিয়ন।<br>৩। দফাদার ও গ্রাম পুলিশ, মহিষখোচা ইউনিয়ন পরিষদ, আদিতমারী, লালমনিরহাট। |
| ১০ | বিবিধ আলোচনা | বিবিধ আলোচনায় আর কোন আলোচনা নাই। | সভা সমাপ্ত ঘোষনার সিদ্ধান্ত গৃহিত হলো। | ১।প্যানেল চেয়ারম্যান, মহিষখোচা ইউনিয়ন পরিষদ, আদিতমারী, লালমনিরহাট। |

স্বাক্ষরিত
সভাপতি